রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ২৯, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ভ্যাট বিভাগ]

**আদেশ**

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১৩/মূসক/২০১৮।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩১, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-২২ এর উপ-বিধি (৩) এবং বিধি ৩৮ এর প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড দেশের সকল সিটি কর্পোরেশন এলাকায় অথবা জেলা শহরে অবস্থিত অথবা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইস ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নির্বাচিত নিম্নবর্ণিত সেবা প্রদানকারী ও ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়-বিক্রয় হিসাব সংরক্ষণ, বিক্রয় সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট প্রেরণ ও বিক্রিত পণ্য/সেবার গ্রাহকের বরাবরে 'মূসক-১১' চালানপত্র ইস্যুর ক্ষেত্রে এই আদেশের অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে Electronic Fiscal Device (EFD) অথবা ক্ষেত্রমত Electronic Fiscal Printer (EFP), Point of Sales (POS) software ব্যবহার বাধ্যতামূলক করিল, যথা :—

ক. আবাসিক হোটেল

খ. রেস্তোরাঁ ও ফাস্টফুড শপ

গ. মিষ্টান্ন ভান্ডার

ঘ. আসবাবপত্রের বিক্রয় কেন্দ্র



মূল্য : টাকা ৮.০০

ঙ. পোশাক বিক্রয়কেন্দ্র/বুটিক শপ

চ. বিউটি পার্লার

ছ. ইলেকট্রনিক/ইলেকট্রিক্যাল গৃহস্থালী সামগ্রীর বিক্রয়কেন্দ্র

জ. কমিউনিটি সেন্টার

ঝ. অভিজাত শপিং সেন্টার এর অন্তর্ভুক্ত সকল ব্যবসায়ী প্রতিষ্ঠান

ঞ. ডিপার্টমেন্ট স্টোর

ট. জেনারেল স্টোর/সুপারশপ

ঠ. অন্যান্য বড় ও মাঝারী ব্যবসায়ী (পাইকারী ও খুচরা) প্রতিষ্ঠান

ড. স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী

২। (ক) EFD এর Technical Specification হইবে নিম্নরূপ :

১. ইলেকট্রনিক ফিসক্যাল ডিভাইসের এমন বৈশিষ্ট্য থাকিবে যাহার ফলে ডিভাইসটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত আদর্শ Application Programming Interface (API) এর মাধ্যমে Electronic Fiscal Device Management System (EFDMS) এর সহিত সংযুক্ত করা যায়।

২. EFD এর এমন বৈশিষ্ট্য থাকিতে হইবে যাহার ফলে দূর নিয়ন্ত্রনের মাধ্যমে (remotely) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ উক্ত ডিভাইস কার্যকর বা অকার্যকর করিতে পারে।

৩. জনপ্রিয় ও আদর্শ প্রোগ্রামিং ভাষা ব্যবহার করিয়া প্রোগ্রামিং ফাংশন এবং উন্মুক্ত API থাকিতে হইবে। এই ব্যবস্থার ফলে কেন্দ্রিয় EFDMS এর সহিত EFD এর বৈশিষ্ট্য সামঞ্জস্যপূর্ণ হইবে।

৪. EFDMS এ তথ্য আদান/প্রদানের জন্য EFD-এর প্রোগ্রামিং সক্ষমতা থাকিতে হইবে।

৫. EFD এর অপারেটিং এনভায়ারনমেন্ট এন্ড্রয়েড/উইন্ডোজ/লিনাক্সভিত্তিক হইতে হইবে। উক্ত অপারেটিং এনভায়ারনমেন্ট যাতে জাভা/সি/সি$^{++}$/ডট নেট বা অন্য যে কোন সমজাতীয় প্রোগ্রামিং ভাষা গ্রহণ করিতে পারে সে ব্যবস্থা থাকিতে হইবে।

৬. জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS হইতে ইলেকট্রনিক্যালি দূর নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে প্রত্যেকটি EFD-এর যথার্থতা এবং প্রাধিকারদান এর অনুরোধজ্ঞাপক প্রক্রিয়া গ্রহণের সক্ষমতা থাকিতে হইবে।

৭. EFD-এর কেন্দ্রিয় EFDMS হইতে অনুমোদিত কোড গ্রহণ ও রিসিট মুদ্রণের প্রোগ্রামিং সক্ষমতা থাকিতে হইবে। অনুমোদিত কোড ব্যতিরেকে EFD রিসিট মুদ্রণ করা যাইবে না।

৮. প্রতিটি EFD একটি একক BIN (মূসক নিবন্ধন নম্বর) এর বিপরীতে নিবন্ধিত হবে। তবে কোন ব্যবসা অংগনে একাধিক সেবা দেয়ার কাউন্টার থাকার কারণে একাধিক EFD ব্যবহার করা হইলে সেগুলিও উক্ত BIN এর আওতায় নিবন্ধিত হইবে।

৯. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক দূর-ব্যবস্থার মাধ্যমে নিরীক্ষায় সহায়তার সক্ষমতা থাকিতে হইবে।

১০. EFD কেন্দ্রিয় EFDMS এ X এবং Z প্রতিবেদন পাঠাইবার সক্ষমতা থাকিতে হইবে।

১১. EFD-তে এমন ব্যবস্থা থাকিতে হইবে যাহার ফলে মূসক কর্মকর্তাগণ নিরীক্ষার সময়ে অথবা যে কোন সময়ে ডাটা/প্রতিবেদন মুদ্রণ করিতে পারেন।

১২. EFD-তে wifi/fibre optic connectivity এর ব্যবস্থার অতিরিক্ত SIM এর মাধ্যমে (GPRS/3G/4G) সংযুক্ত হইবার ব্যবস্থা থাকিতে হইবে।

১৩. পিসি, স্ক্যানার, প্রিন্টার এবং অন্যান্য ডিভাইসের সাথে সংযুক্ত হওয়ার পোর্ট থাকিতে হইবে।

১৫. ফিসক্যাল মেমরিতে যে সকল তথ্য জমা হয় সেই তথ্যের যথাযথ নিরাপত্তা প্রদান এবং তথ্যের কোনরূপ পরিবর্তন বা তথ্যে অবৈধ হস্তক্ষেপ যাতে না হয় সেই ব্যবস্থা EFD-তে নিশ্চিত করিতে হইবে।

১৬. EFD-তে ন্যূনতম পাঁচটি ভিন্ন হারে স্বয়ংক্রিয়ভাবে মূসক গণনার ব্যবস্থা থাকিতে হইবে।

১৭. EFD-তে পুনঃ চার্জযোগ্য ব্যাটারী অথবা বিকল্প বিদ্যুৎ সরবরাহ ব্যবহারের ব্যবস্থা থাকিতে হইবে।

১৮. ফিসক্যাল মেমোরির নির্ভুল ও সমস্যাহীনভাবে কাজ করার বিষয়টি নিশ্চিতকরণের জন্য EFD-তে টেস্ট মোড থাকিতে হইবে।

সিস্টেম পরিচালনার প্রাথমিক শর্তাবলী হইবে নিম্নরূপ :

১. EFD-এর প্রত্যেক বিক্রয় তথ্য অনুমোদিত কোডের জন্য কেন্দ্রিয় EFDMS-এ যাইবে।

২. অনুমোদিত কোড পাওয়ার পর প্রত্যেক বিক্রয় লেনদেন কার্যকর হইবে।

৩. চালান ইস্যু করিবার পূর্বে অনুমোদিত কোড একটি ইউনিক নম্বরসহ বিক্রয় মুদ্রিত থাকিতে হইবে।

৪. ডাটা সুরক্ষার সকল বৈশিষ্ট্য বিবেচনায় লইতে হইবে।

৫. দূরবর্তীভাবে এবং ব্যবসা অজ্ঞানে নিরীক্ষা পরিচালনার বৈশিষ্ট্য থাকিতে হইবে।

৬. বিভিন্ন ধরণের পর্যাবৃত্ত প্রতিবেদন যেমন : X-Report, Z-Report ইত্যাদি System-এর মাধ্যমের নির্ধারিত সময় পর পর স্বয়ংক্রিয়ভাবে জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS-এ প্রেরণের সক্ষমতা থাকিতে হইবে।

(খ) যে সকল ক্ষেত্রে ব্যবসায়ী প্রতিষ্ঠান নিজস্ব Point of Sale (POS) System ব্যবহার করিবে, সেই সকল ক্ষেত্রে EFD-র পরিবর্তে Electronic Fiscal Printer (EFP) বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যবিধ ডিভাইস [যাহা প্রতিটি লেনদেন অবিকৃতভাবে লেনদেনটি সংঘটিত হওয়ার সময়ই (Real Time) সংরক্ষণ ও নির্ধারিত ফরম্যাটে জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS-এ প্রেরণের সক্ষমতা সম্বলিত হইবে] ব্যবহার করিতে হইবে। EFP এর Technical Specification হইবে নিম্নরূপ :

১. EFD-এর মত বিক্রয় চালান মুদ্রণের ব্যবস্থা থাকিতে হইবে।

২. জাতীয় রাজস্ব বোর্ড এর নির্ধারিত সুরক্ষা ব্যবস্থা লঙ্ঘণ না করিয়া POS ব্যবস্থার সহিত সংযোগের সক্ষমতা থাকিতে হইবে।

৩. EFP-তে উপর্যুক্ত EFD-এর বৈশিষ্ট্যসমূহ থাকিতে হইবে। বিদ্যুৎ না থাকিলে ব্যাকআ্যাপ ব্যাটারির মাধ্যমে কাজ করিবার সক্ষমতা থাকিতে হইবে। অধিকন্তু অন্যান্য বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ হইবে :

- জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS-এর সংযুক্ত হইয়া নির্ধারিত অথরাইজেশন কোড মুদ্রণ এবং উক্ত তথ্যাদি EFDMS এ প্রেরণের সক্ষমতা থাকিতে হইবে;

- বিল্ট-ইন-ফিসক্যাল মেমরিসহ ফিসক্যাল মডিউল থাকিতে হইবে;
- বিল্ট-ইন-রিয়েল-টাইম ঘড়ি এবং থার্মাল লাইন মুদ্রণ ব্যবস্থা থাকিতে হইবে;
- পিসি এবং অন্যান্য POS পেরিফেরি যেমন : এক্সটার্নাল (পোল) ডিসপ্লে এবং ক্যাশ ড্রয়ার এর সহিত সংযোগ স্থাপন পোর্ট থাকিবে;
- ফিসক্যাল মেমরির কনটেন্ট পঠনযোগ্য এপ্লিকেশন সফ্টওয়্যার থাকিতে হইবে;
- পৃথক কী/বাটন এর সহিত সংযুক্ত কোন কম্পিউটারের সাথে সংযোগ না করিয়া ফিসক্যাল মেমরির ডাটা মুদ্রণের ব্যবস্থা থাকিতে হইবে;
- মুদ্রণের গতি ন্যূনতম ১৫০ এমএম/সেকেন্ড হইতে হইবে;
- পিসি-তে সংযোগের জন্য কমপক্ষে ০১ (এক)টি USB পোর্ট, এক্সটার্নাল (পোল) এলসিডি ডিসপ্লে-র জন্য RS232 পোর্টস ও একটি ক্যাশ ড্রয়ার পোর্ট থাকিতে হইবে;

(গ) EFD/EFP কর্তৃক সরবরাহকৃত পণ্য বা সেবার বিপরীতে ইস্যুকৃত ভ্যাট চালানে (ফিসক্যাল রিসিট) নিম্নবর্ণিত তথ্যাদি সন্নিবেশিত থাকিবে, যথা :

১. ব্যবসায়ের নাম ও ঠিকানা;

২. ব্যবসায়ের BIN;

৩. ক্যাশিয়ারের নাম ও কাউন্টার নম্বর;

৪. ফিসক্যাল ডিভাইস ও ফিসক্যাল মেমরি নাম্বার;

৫. সরবরাহকৃত পণ্য বা সেবার বিবরণ ও পরিমাণ, একক মূল্য, মোট মূল্য, ভ্যাটের হার ও পরিমাণ এবং ভ্যাটসহ মোট মূল্য যেক্ষেত্রে সকল মূল্য বাংলাদেশী টাকায় প্রদর্শিত হইবে;

৬. কার্যক্রমের প্রমাণক যেমনঃ VOIDs (সংশোধনী), ডিসকাউন্ট, add-ons (markups);

৭. পেমেন্টের মাধ্যম (ক্যাশ, কার্ড, চেক অথবা ক্রেডিট);

৮. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইস্যুকৃত অথরাইজেশন কোড যাহা ব্যতীত কোন চালান মুদ্রণ হইবে না;

৯. তারিখ ও সময় (২৪ ঘন্টা ফরমেট; সময় hh:mm এবং তারিখ dd-mm-yyyy 'ইস্যুর তারিখ');

১০. রিসিটের উপরের অথবা নিচের অংশে প্রতিষ্ঠানের লোগো থাকিতে পারে;

১১. প্রতিষ্ঠানের BIN, মোট বিক্রয় মূল্য, ভ্যাটের হার ও পরিমাণ এবং ভ্যাটসহ মোট মূল্য সম্বলিত তথ্যাদি 2D বারকোড/QR কোড মুদ্রিত হইতে হইবে।

৪। EFD/EFP ব্যবহারকারী প্রত্যেক করদাতা মূসক ব্যবস্থার আওতায় ক্রয়-বিক্রয় সংশ্লিষ্ট সকল রেজিস্টার/ডেটাবেস ও প্রয়োজনীয় দলিলাদি ন্যূনতম ছয় বৎসর সংরক্ষণ করিবেন।

৫। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-২৬ অনুসারে ক্ষমতাপ্রাপ্ত যে কোনো মূসক কর্মকর্তা অথবা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিয়োজিত EFDMS স্থাপন ও রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি যথাযথ ক্ষমতাপ্রাপ্ত হইয়া স্থাপিত EFD/EFP যথাযথভাবে পরিচালিত হইতেছে কি-না তাহা নিশ্চিতকল্পে যেকোন সময়ে সংশ্লিষ্ট করদাতা ব্যবসায়ী প্রতিষ্ঠানের অজ্ঞানে গমন করিয়া সরেজমিনে পরিদর্শন করতে পারিবেন এবং নিম্নোক্ত বিষয়ে পরীক্ষা করিয়া ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করবেন, যথা :—

ক. স্থাপিত EFD/EFP মেশিনটি সঠিকভাবে কাজ করিতেছে কিনা;

খ. করদাতা প্রতিটি বিক্রয়ের বিপরীতে চালানপত্র ইস্যু করিয়াছেন কিনা;

গ. স্থাপিত EFD/EFP হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত দৈনিক/মাসিক মোট বিক্রয়, আদায়কৃত ভ্যাট, স্টক পরিস্থিতি ইত্যাদি তথ্য সম্বলিত প্রতিবেদন (যথা X-Report, Z-Report ইত্যাদি) পাওয়া যায় কি-না;

ঘ. করদাতার দাখিলকৃত মাসিক দাখিলপত্র ও পরিশোধিত মূসকের সাথে স্থাপিত EFD/EFP মেশিনটিতে রক্ষিত তথ্যের সহিত সামঞ্জস্য আছে কিনা।

৬। EFD/EFP ব্যবহারের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান তা ব্যবহার না করিলে অথবা যথাযথভাবে ব্যবহার না করায় রাজস্ব ফাঁকির ঘটনা উদঘাটিত হইলে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে।

৭। এ আদেশ ০১-১১-২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হতে দেশের সকল সিটি কর্পোরেশন এলাকা এবং ০১-১২-২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হতে দেশের সকল জেলা শহর এলাকায় কার্যকর বলে গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ রেজাউল হাসান**
সদস্য (মূসক নীতি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd